গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়

# চাটখিল পাঁচগাঁও মাহবুব সরকারি কলেজ

চাটখিল, নোয়াখালী।

ওয়েব সাইটঃ www.cpmgc.edu.bd

Email: chatkhilcollege2023@gmail.com ফোনঃ ০৩২২২৭৫০০২

পত্রসংখ্যা: সিপিসি/২০২৬/ ১০৭৫ তারিখ: ২৬/০৪/২০২৬ খ্রি.

## বিজ্ঞপ্তি

**বিষয়: "মাদকমুক্ত সমাজ ও উন্নত বাংলাদেশ বিনির্মাণের ভিত্তি" এ বিষয়ে স্ব-হস্তে লিখিত রচনা জমাদান প্রসঙ্গে।**

মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস ২৬ জুন, ২০২৬ উদযাপন উপলক্ষ্যে অত্র কলেজে একাদশ শ্রেণি হতে স্নাতক শ্রেণিতে অধ্যায়নরত শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, "মাদকমুক্ত সমাজ ও উন্নত বাংলাদেশ বিনির্মাণের ভিত্তি" (২০০০ শব্দ)-এ বিষয়ে স্ব-হস্তে লিখিত রচনা আগামী ১১ মে, ২০২৬ খ্রি. তারিখের মধ্যে জনাব দিদারুল আলম, প্রভাষক (রাষ্ট্রবিজ্ঞান)-এর নিকট সংযুক্ত পত্রের নিয়মাবলি মোতাবেক জমাদানের জন্য নির্দেশ প্রদান করা হল।

সংযুক্ত: স্মারকনং: ৫৮.০২.৭৫০০.১১১.০০১(অংশ-৩).২২.২৯২,তারিখ: ২০/০৪/২০২৬ খ্রি. মূলে পত্র-০১ পাতা।

২৬/০৪/২৬
প্রফেসর মোঃ মনজুর আহম্মেদ ভূঁইয়া-১২৭৩৭
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
চাটখিল পাঁচগাঁও মাহবুব সরকারি কলেজ
চাটখিল, নোয়াখালী।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:

১. পরিচালক (নিরোধ শিক্ষা), মাদকদ্রব্য অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
২. জেলা প্রশাসক ও সভাপতি, জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ ও প্রচার কমিটি, নোয়াখালী।
৩. উপপরিচালক, মাদকদ্রব্য অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
৪. জনাব দিদারুল আলম, প্রভাষক, রাষ্ট্রবিজ্ঞান, অত্র কলেজ (সংযুক্ত পত্রের নিয়মাবলী অনুযায়ী শিক্ষার্থীদের নিকট থেকে স্ব-হস্তে লিখিত রচনা আগামী ১৭/০৫/২০২৬ খ্রি. তারিখের মধ্যে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর জেলা কার্যালয়ে ডাকযোগে প্রেরণের অনুরোধসহ)।
৫. সংরক্ষণ নথি।

২৬/০৪/২৬
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
চাটখিল পাঁচগাঁও মাহবুব সরকারি কলেজ
চাটখিল, নোয়াখালী।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
জেলা কার্যালয়, নোয়াখালী
মাঈন উদ্দিন মঞ্জিল, লক্ষীনারায়নপুর, মাইজদী কোর্ট, নোয়াখালী
ওয়েবসাইট: www.dnc.noakhali.gov.bd

স্মারক নং-৫৮.০২.৭৫০০.১১১.২৩.০০১(অংশ-৩).২২. ২৮২ তারিখ: ২০/০৪/২০২৬খ্রি.

**বিষয় : মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস ২৬ জুন, ২০২৬ উদযাপন উপলক্ষ্যে রচনা প্রতিযোগিতা প্রসঙ্গে**

সূত্র : মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা এর ১৬ এপ্রিল, ২০২৬ এর পত্র নং-৫৮.০২.০০০০.০০৯.০০.০২৩(অংশ-১).২১-২৭০

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস ২৬ জুন, ২০২৬ উদযাপন উপলক্ষ্যে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক সারাদেশে বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়েছে। উক্ত কর্মসূচী অনুযায়ী সারাদেশের ন্যায় নোয়াখালী জেলার স্কুল, মাদ্রাসা ও কলেজের ছাত্র-ছাত্রীদের মধ্যে রচনা প্রতিযোগিতার কর্মসূচী রয়েছে। নিম্নে রচনা প্রতিযোগিতার ০৩ টি গ্রুপের বিষয়সমূহ দেওয়া হলো:

**রচনা প্রতিযোগিতা:**

| ক্রমিক | গ্রুপ | শ্রেণি | রচনার বিষয়বস্তু |
|---|---|---|---|
| ১. | 'ক' | ৬ষ্ঠ হতে ৮ম শ্রেণি বা সমমান পর্যায়ের ছাত্র-ছাত্রীদের জন্য | "সুনাগরিক গঠনে পরিবার ও বিদ্যালয়ের ভূমিকা" (১০০০ শব্দের মধ্যে) |
| ২. | 'খ' | ৯ম হতে ১০ম শ্রেণি বা সমমান পর্যায়ের ছাত্র-ছাত্রীদের জন্য | "তরুণদের স্বপ্ন ও মাদকমুক্ত আগামীর বাংলাদেশ" (১৫০০ শব্দের মধ্যে) |
| ৩. | 'গ' | একাদশ হতে স্নাতক বা সমমান পর্যায়ের ছাত্র-ছাত্রীদের জন্য | "মাদকমুক্ত সমাজ হোক উন্নত বাংলাদেশ বিনির্মানের ভিত্তি" (২০০০ শব্দের মধ্যে) |

**প্রতিযোগিতা নিয়মাবলী:**

১। নোয়াখালী জেলার সকল নিম্ন মাধ্যমিক/সমমান, মাধ্যমিক/সমমান, উচ্চ মাধ্যমিক/সমমান এবং স্নাতক/সমমান পর্যায়ের ছাত্র-ছাত্রী রচনা প্রতিযোগিতা অংশগ্রহন করতে পারবে।

২। রচনা সাদা কাগজে বাংলা ভাষায় স্পষ্টাক্ষরে স্বহস্তে লিখতে হবে। কোনক্রমেই রচনা ফটোকপি গ্রহণযোগ্য নয়।

৩। রচনার প্রথম পাতায় প্রতিযোগির নাম, পিতা/অভিভাবকের নাম, পত্র যোগাযোগের ঠিকানা, টেলিফোন/মোবাইল নম্বর, শিক্ষা প্রতিষ্ঠানের নাম, অধ্যয়নরত শ্রেণী ও রোল নম্বর উল্লেখ করতে হবে।

৪। রচনা সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে দাখিল/প্রেরণ করতে হবে।

৫। খামের উপর "রচনা প্রতিযোগিতা: মাদকদ্রব্যের অপব্যাবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস, ২০২৬ লিখতে হবে।

৬। আগামী ১৭/০৫/২০২৬ খ্রি. তারিখের মধ্যে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, নোয়াখালী, মাঈন উদ্দিন মঞ্জিল, হোল্ডিং নং-০২১৬- ০১, লক্ষীনারায়নপুর, মাইজদী কোর্ট, নোয়াখালী বরাবর সরাসরি/ডাকযোগে পৌঁছাতে হবে।

**পুরস্কার:**

রচনা প্রতিযোগিতায় গ্রুপ ওয়ারি প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অর্জনকারীকে পুরুস্কৃত করা হবে।

অধ্যক্ষ/সুপারিনটেনডেন্ট/প্রধান শিক্ষক/প্রধান শিক্ষিকা
চাটখিল পাঁচগাঁও মাহবুব সরকারি কলেজ
নোয়াখালী

(সুব্রত সরকার শুভ)
উপপরিচালক
মোবাইল-০১৪০৪০৭২৩৭০

সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। পরিচালক(নিরোধ শিক্ষা), মাদকদ্রব্য নিয়ন্ত্রন অদিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা
২। জেলা প্রশাসক ও সভাপতি, জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ ও প্রচারণা কমিটি, নোয়াখালী
৩। অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অদিদপ্তর, বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম
৪। জেলা শিক্ষা অফিসার, নোয়াখালী
৫। জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, বাংলাদেশ শিশু একাডেমী, জেলা কার্যালয়, নোয়াখালী
৬। জেলা কালচারাল অফিসার, জেলা শিল্পকলা একাডেমী, নোয়াখালী
৭। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নোয়াখালী সদর/বেগমগঞ্জ/ সোনাইমুড়ি/চাটখিল/কোম্পানীগঞ্জ/সেনবাগ/কবিরহাট/সুবর্ণচর/হাতিয়া
৮। অফিস কপি